# উপদেষ্টা পরিষদের অনুমোদনের পর গণভোট অধ্যাদেশ জারি




সংগৃহীত ছবি

উপদেষ্টা পরিষদের অনুমোদনের পর রাষ্ট্রপতি ‘গণভোট অধ্যাদেশ, ২০২৫’ জারি করেছেন। আইন মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ মঙ্গলবার (২৫ নভেম্বর) রাতে অধ্যাদেশের গেজেট প্রকাশ করেছে।

এর আগে একই দিনে সকালে উপদেষ্টা পরিষদ গণভোট অধ্যাদেশ-২০২৫-এর খসড়া নীতিমালা অধ্যাদেশ আকারে অনুমোদন করে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। উল্লেখ্য, গত ২০ নভেম্বর অনুষ্ঠিত বৈঠকে উপদেষ্টা পরিষদ ইতিমধ্যেই গণভোট আইন অনুমোদন করেছিল।

সরকারের লক্ষ্য, জাতীয় ঐকমত্য কমিশনের সুপারিশকৃত সংস্কার প্রস্তাবগুলোর বিষয়ে জনগণের মতামত জানার জন্য আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন গণভোট আয়োজন করা। এই গণভোটের জন্য প্রয়োজনীয় আইন প্রণয়ণ করা এবং কয়েক কার্যদিবসের মধ্যে অধ্যাদেশ আকারে চূড়ান্ত অনুমোদন দেওয়ার বিষয়টি তখন সরকারের পক্ষ থেকে জানানো হয়।

LENS ASIA